

সম্পাদকীয় / Editorial

সজল মেঘের শ্যামল গরিমা আচ্ছাদিত আকাশপটে গুরু গুরু মেঘডম্বর নিনাদিত। বর্ষার সজল বারিধারায় স্নাত হয়ে আমরা সদ্য পালন করছি প্রভু শ্রীশ্রীজগন্নাথদেবের স্নানযাত্রা ও রথযাত্রা মহোৎসব। প্রার্থনা করেছি তাঁর অহৈতুকী কৃপা আমাদের আধ্যাত্মিক পথ জ্ঞানের আলোয় আলোকময় করবার জন্য।

আগামী ২৭শে আষাঢ় (১৪২১ বঙ্গাব্দ) শ্রীশ্রীগুরুপূর্ণিমার পূণ্য লগ্ন সমাগত। পরমপূজ্য শ্রীশ্রীনাঙ্গাবাবা, মহাবতার বাবাজী মহারাজ, শ্রীশ্রীলাহিড়ী মহাশয় ও অন্যান্য সকল গুরুমহারাজগণের শ্রীচরণে ভক্তি বিনয় চিহ্নে আমরা প্রার্থনা করি আমাদের সকলের হৃদয়ে জ্ঞান ও ভক্তির আলোকবর্তিকা প্রজ্জ্বলিত হউক। সততা, নিঃস্বার্থতা, চিন্তের শুদ্ধতা ও সমর্পণের সরস বারিধারা আমাদের অন্তঃকরণে স্বতঃ প্রবাহিত থাকুক — গুরুমহারাজগণের চরণে ইহাই আমাদের বিনয় প্রার্থনা।

অন্যহত থেকে আঞ্জাচক্র পর্যন্ত, যোগমার্গে সাধকের যে উর্ধ্ব আত্মশক্তির প্রবাহ সাধককে আঞ্জাচক্রে উপনীত করায়, স্থিতিপ্রদান করে ও সাধকের অন্নময়, প্রাণময়, মনোময়, বিজ্ঞানময় ও আনন্দময় কোষকে পরিপোষণ করতঃ যোগীকে শিবত্বের স্তরে উপনীত করে, সেই ভৈরবী মহাশক্তি দেবীই যোগতত্ত্বে মাতা অন্নপূর্ণারূপে বিরাজিতা। জ্ঞানামৃত পিপাসু শিবত্বলা যোগীকে তিনি অমৃতধারা দান করেন, আবার সৃষ্টি-স্থিতি-প্রলয়ের বীজরাশী অন্নদান পূর্বক জীবকুলের রক্ষা ও প্রতিপালন করেন।

আজ গুরুপূর্ণিমার পূণ্যলগ্নে সেই নিত্যানন্দকরী, বরাভয়রাশিণী দেবী অন্নপূর্ণাকে আমরা পুনঃ পুনঃ প্রণাম করি। শঙ্কর-শঙ্করী সদৃশ শ্রীশ্রীগুরুবাবা ও শ্রীশ্রীগুরুমায়ের শ্রীচরণে আমাদের ভক্তি বিনয় প্রণতি জানাই। আমাদের সকল আত্মিক দৈন্য তাঁদের শ্রীচরণে নিবেদন করতঃ আমাদের আধ্যাত্মিক উত্তরণের প্রার্থনা জানাই।



The dark overcast sky resonates with claps of thunder as monsoon declares its joyous advent in Bengal. We are fresh from solemn observance of the holy events of Snanyatra and Rathayatra of Lord Jagannath. Let us prostrate ourselves on His lotus feet to seek His blessings in our spiritual march forward.

The holy occasion of Shri Shri Gurū Purnima is round the corner. On this auspicious occasion, we seek the blessings of Shri Shri Nanga Baba, Mahabatar Shri Shri Babaji Maharaj, Shri Shri Lahiri Mahashay and all other Gurumaharajas to help us lighten the lamp of spiritually in our burdened hearts. Let us leave behind all our pettiness and devote ourselves to their lotus feet with purity, honesty, selflessness and utmost dedication.

We take this opportunity to offer our devout obeisance to Shri Shri Annapurna Mata, the divine Mother, who is the intrinsic supreme force that drives the spiritual power within a yogi from Anahata to Agna Chakra, sustains it there and nourishes the constituent cells of his being — from material dimensions to ethereal realms. She disseminates supreme knowledge in the minds of an enlightened yogi in the form of nectar while the basic force of creation, sustenance and dissolution are contained by Her in the form of seeds of food for the living beings. We offer our humble obeisance to Mother Annapurna while we pray for our spiritual deliverance to our guru parampara, Shri Shri Baba and Sree Sree Maa. Come ! On this special occasion, let us cast aside all our mental impurity and dedicate ourselves to their holy service for our own spiritual awakening.